দৈনিক বাংলা

১৪

তারিখ ৮-১২-৮১
পৃষ্ঠা ৭ কলাম ৩

# রংপুর মেডিক্যাল কলেজে ধর্মঘট

(নিজস্ব প্রতিনিধি)

রংপুর, ৬ই জানুয়ারী।—গত এক সপ্তাহেরও বেশি দিন ধরে ধর্মঘট পালিত হচ্ছে।

রংপুর মেডিক্যাল কলেজে পূর্ণ

কলেজ অধ্যক্ষের বদলী আদেশ বাতিলের দাবীতে সংগ্রামী ছাত্র ঐক্যের আহবানে এই ধর্মঘট পালন করা হচ্ছে।

এদিকে হাসপাতালের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সঙ্গে একজন ডাক্তারের দুর্ব্যবহারের প্রতিবাদে রংপুর মেডিকাল কলেজ হাসপাতালের নার্স ও কর্মচারীরাও কাজ করছেন না। রংপুর মেডিকাল কলেজ ও হাসপাতালের প্রশাসনেও বিশৃংখলা চলছে।

ডাক্তার ও নার্সদের অভাবে রোগীরাও হাসপাতাল থেকে চলে যাচ্ছে। হাসপাতালে রক্ত না থাকায় অস্ত্রোপচারও বন্ধ রয়েছে।